

# রেবার আইসক্রিম খাওয়া

গল্প: সুলতানা জাকিয়া
অলংকরণ: ধীমান সরকার



আইসক্রিম। আইসক্রিম।
রাস্তা থেকে হাঁক শোনা গেল।



BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 2 6/19/23 08:26

রেবা দৌড়ে গেল মায়ের কাছে।
মা, মা– আইসক্রিম খাব।
মা বললেন, আগে পড়া শেষ করো।





BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 3 6/19/23 08:26

তারপরও রেবা দাঁড়িয়ে রইল। মা রেবার মুখের দিকে তাকালেন। বললেন, তোমার কি পড়া শেষ?



রেবা বলল– না, মা। আমার খাতা শেষ। খাতা কিনতে হবে।





BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 5 6/19/23 08:26



মা রেবাকে ৫০ টাকা দিলেন। বললেন, দোকানে যাও। খাতা আর সাবান নিয়ে এসো।




BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 6 6/19/23 08:26

দোকানদার রেবাকে খাতা দিলেন। সাবান দিলেন।
রেবা বলল, কত টাকা?





BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 7 6/19/23 08:26



দোকানদার বললেন, খাতা ২০ টাকা। সাবান ২০ টাকা।
মোট ৪০ টাকা। আর এই নাও তোমার ফেরত টাকা।



BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 8 6/19/23 08:26

বাড়ি ফিরে রেবা হিসাব করতে লাগল। খাতা ২০ টাকা। সাবান ২০ টাকা। মোট ৪০ টাকা।





BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 9 6/19/23 08:26



দোকানদারকে দিয়েছি ৫০ টাকা। ফেরত পাব ১০ টাকা। তাহলে দোকানদার ২০ টাকা দিলেন কেন?



BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 10 6/19/23 08:26



এরপরই রেবা ভাবল, আরে! এই টাকা দিয়ে তো আইসক্রিম খেতে পারি! একটু পর আবার ভাবল, ছিঃ ছিঃ। এমনটি ভাবছি কেন!





BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 11 6/19/23 08:26

রেবা আবার দোকানে গেল। সেখানে নানা রকমের আইসক্রিম দেখে ভাবল, ইস! যদি একটা আইসক্রিম খেতে পারতাম।







BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 13 6/19/23 08:26



এমন সময় আইসক্রিম কিনে একটি মেয়ে দৌড়ে যাচ্ছিল। দোকানদার তাকে বললেন, দাঁড়াও। তুমি আমাকে বেশি টাকা দিয়েছ। তোমার টাকা নিয়ে যাও।




BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 14
6/19/23 08:26

এবার রেবা দোকানদারকে বলল, আপনি আমাকে ১০ টাকা বেশি দিয়েছিলেন। এই নিন আপনার টাকা।





BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 15 6/19/23 08:26



দোকানদার খুশি হয়ে রেবাকে একটা আইসক্রিম দিলেন। বললেন, তুমি খুব ভালো মেয়ে, রেবা। আইসক্রিম পেয়ে রেবাও অনেক খুশি হলো।





BD-LLP-16-0003_Text_RebaWantsIce.indd 16 6/19/23 08:26